

3 (Sem-1) BEN M 1

2 0 1 5

BENGALI

( Major )

Paper : 1.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×১০=১০

(ক) কালকেতু দেবী চণ্ডীর কাছ থেকে কত ঘড়া ধন পেয়েছিলেন?

(খ) কালকেতুর বিবাহে কন্যাদান কে করেছিলেন?

(গ) “পাত্র অধিকারী না শুনে গোহারি  
বিপাকে তেজি জীবন।”

‘গোহারি’ শব্দটির অর্থ লেখো।

(ঘ) এক স্বাসে কালকেতু কত হাঁড়ি আমানি খেয়েছিলেন?

A16/88

( Turn Over )



( 2 )

- (ঙ) “উইচারা খাই আমি নামেতে ভালুক ।  
নেউগী চৌধুরী নই না করি ভালুক ॥”  
‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের কোন্ অংশে এই বর্ণনা আছে ?  
(১) কালকেতুর প্রথম যুদ্ধযাত্রা  
(২) চণ্ডীর প্রশ্ন ও পশুগণের উত্তর  
(৩) পশুগণের ক্রন্দন  
(৪) চণ্ডীর নিকটে পশুগণের দুঃখ নিবেদন  
( শুদ্ধ উত্তর বেছে লেখো )
- (চ) “মাতঙ্গ পড়িলে দরে পতঙ্গ প্রহার করে ।”  
‘দরে’ শব্দের অর্থ কী ?
- (ছ) শিববিবাহের সম্বন্ধ কে করেছিলেন ?
- (জ) “তৈল বিনা চুলে জটা খড়ি উড়ে গায়”  
এখানে কার কথা বলা হয়েছে ?
- (ঝ) শূন্যস্থান পূর্ণ করো :  
“এইরূপে \_\_\_\_\_ যান যার বাড়ী ।  
ভিক্ষা নাহি পান আর লাভ তাড়াতাড়ি ॥”
- (ঞ) “এখানে বসিবে যারা অন্নজীবী হবে তারা  
অন্ন বিনা না রবে জীবন ।”  
কোন্ স্থানের কথা বলা হয়েছে ?
- ২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০
- (ক) “সম্পদের সীমা নাই বুড়া গরু পুঁজি ।  
রসনা কেবল কথা সিঁদুকের কুঁজি ॥”  
কে, কার সম্বন্ধে একথা বলেছেন ?

A16/88

( Continued )

( 3 )

- (খ) “তোমার শাশুড়ী বলি যম নাহি লয় ।  
আমারে কাহারে দিবা কহ দয়াময় ॥”  
‘দয়াময়’ কে ? শাশুড়ীর নাম কি ?
- (গ) “ভুজঙ্গপ্রয়াতে কহে ভারতী দে ।  
সতী দে সতী দে সতী দে সতী দে ॥”  
এই বর্ণনাটি ‘অন্নদামঙ্গল’ কাব্যের কোন্ অংশে আছে ?  
‘ভুজঙ্গপ্রয়াত’ কী ?
- (ঘ) ভাঁড়ুদত্তের পিতামহ ও পিতার নাম লেখো ।
- (ঙ) “ইলাহত দেশে ঘর জাতি গো ব্রাহ্মণী ।  
শিশুকাল হৈতে আমি ভ্রমি একাকিনী ॥”  
কে, কাকে এভাবে নিজের পরিচয় দিয়েছেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ( যে-কোন দুটি ) : ৫×২=১০

- (ক) কলিঙ্গরাজের সঙ্গে যুদ্ধের সময় আত্মগোপনকারী  
কালকেতুকে ভাঁড়ুদত্ত যেভাবে খুঁজে বার করেছিলেন,  
তোমার পাঠ্য অংশ অবলম্বনে তার বিবরণ দাও ।
- (খ) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের অন্তর্গত ‘কালকেতুর ধনপ্রাপ্তি’  
অংশের ঘটনাক্রম বিবৃত করো ।
- (গ) ব্যাখ্যা লেখো :  
“বিষম সম্বল-চিন্তা মহাবীরে লাগে ।  
এক চক্ষু নিদ্রা যায় এক চক্ষু জাগে ॥”  
( কাননে কালকেতুর খেদ )

A16/88

( Turn Over )



( 4 )

৪। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $৫ \times ২ = ১০$

- (ক) ‘অন্নদামঙ্গল’ কাব্যে ‘শিবের ভিক্ষাযাত্রা’-র ছবিটি বর্ণনা করো।
- (খ) অন্নদা বসুন্ধরকে শাপ দিয়েছিলেন কেন? পাঠ্য অংশ অবলম্বনে কাহিনিটি সংক্ষেপে লেখো।
- (গ) ব্যাখ্যা লেখো :

“শিবের কপালে রয়ে প্রভুরে আখতি লয়ে  
না জানি বাড়িল কিবা গুণ।  
একের কপালে রয়ে আরের কপাল দহে  
আগুনের কপালে আগুন॥”

( রতিবিলাপ )

৫। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও ( যে-কোন দুটি ) :  $১০ \times ২ = ২০$

- (ক) “শরীর করিনু ক্ষয় তোমারে ভাবিয়া।  
কি গুণ বাড়িল তব ব্যাসেরে ছলিয়া॥”
- ‘অন্নদামঙ্গল’ কাব্যের পাঠ্য অংশ অবলম্বনে ব্যাসদেবের এই করুণ বিলাপের কারণ বিশ্লেষণ করো।
- (খ) ‘দেবগণ নিমন্ত্রণ’ অংশ অবলম্বনে ‘অন্নদামঙ্গল’ কাব্যে শিবের অন্নদাপূজায় দেবতাদের আগমনের বৃত্তান্ত বর্ণনা করো।
- (গ) “প্রকৃতপক্ষে অন্নপূর্ণা তাঁর মূল স্বভাবে হলেন প্রসন্ন কৌতুকময়ী দেবী।” ‘অন্নদামঙ্গল’ কাব্যে দেবী অন্নপূর্ণার কৌতুকময়ী স্বরূপ স্পষ্ট করো।
- (ঘ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে বিশ্বকর্মা কর্তৃক অন্নপূর্ণাপুরী নির্মাণের বর্ণনা দাও।

( 5 )

৬। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও (যে-কোন দুটি) :  $১০ \times ২ = ২০$

- (ক) “কবি বনমধ্যে কালকেতুর দ্বারা বিপর্যস্ত নানা প্রাণীর যে ছবি এঁকেছেন, তা আসলে শক্তিমানের অত্যাচারে পীড়িত মানুষের বিবরণ।” ‘কবিকঙ্কণ চণ্ডী’-র নির্দিষ্ট বিবরণ অনুসরণ করে সমালোচকের মন্তব্যটি যথার্থ কি না তা দেখাও।
- (খ) “ব্যাধজীবনের অরণ্য-পরিবেশে সে জীবন্ত; কিন্তু রাজ্য পরিচালনার বুদ্ধি ও মেধাপ্রধান বৃত্তিতে সে শ্রিয়মান।” পাঠ্য অংশ অবলম্বনে কালকেতু সম্পর্কে এই মন্তব্যের মূল্যায়ন করো।
- (গ) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যে অবলম্বনে ফুল্লরার বারমাসের দুঃখ বর্ণনা করো। এই বারমাস্যা রচনায় কবি মুকুন্দের অভিপ্রায় কী ছিল তা লেখো।
- (ঘ) ‘কবিকঙ্কণ চণ্ডী’ কাব্যের উপসংহারে কালকেতু-পুষ্পকেতু-নীলাম্বর বৃত্তান্তটি সংক্ষেপে লেখো।

\*\*\*